

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৫০০

তারিখঃ ২৪/১১/১৪

বিষয়ঃ- ভূগোল ও পরিসংখ্যান বিষয় ব্যাতীত সংস্কৃত ও গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্রঃ অধ্যক্ষের ০২/১১/২০১৪ ইং তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৩/১১/২০১৪ খ্রিঃ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে রাজ-লক্ষ্মী মহাবিদ্যালয়, ডাকঃ ষোলশত, উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভূগোল ও পরিসংখ্যান বিষয় ব্যাতীত সংস্কৃত ও গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের স্বীকৃতির স্থগিতাদেশ প্রত্যাহার পূর্বক মেয়াদ ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৬ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা ৩০/০৬/২০১৬ তারিখ অতিক্রান্ত হবার পর পুনরায় স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয় ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উক্ত বিষয়সমূহের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা বারিত হবে।

শর্তাবলী

- ০১। বিজ্ঞান শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- ০২। প্রতি শিক্ষা বর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে
- ০৩। কলেজের শিক্ষার মান উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ০৪। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ০৫। কলেজের ভবন ও আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৬। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৭। গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৮। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাস রগটিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে
- ০৯। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ১০। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ১১। ব্যবহারিক ক্লাস ও ক্লাসে শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করতে হবে

২৪.১১.১৪

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬৪৭৪৫।

বিশাল

অধ্যক্ষ

রাজ-লক্ষ্মী মহাবিদ্যালয়

ডাকঃ ষোলশত, উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর।

অবগতি ও কার্যার্থে তিবরণ

- ০১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, স্বরূপকাঠী, পিরোজপুর।
- ০৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ০৪। সংরক্ষণ কপি।